

1.টীকা লেখ : চুয়াড় বিদ্রোহ।

চুয়াড়রা পশ্চিমবঙ্গের পশ্চিম অঞ্চল এবং ঝাড়খন্ড এলাকার আদিবাসী সম্প্রদায়।

চাষবাস এবং পশুপালন ছিল তাদের প্রধান জীবিকা। এছাড়া জমিদারের অধীনে তারা পাইক বা রক্ষীর কাজ করতো। বিনিময় তারা যে জমি পেত তা পাইকান জমি নামে পরিচিত। প্রথম পর্যায়ে

ধল ভূমঅঞ্চলের রাজা জগন্নাথ মিশ্রের অধীনে চুয়াড় বিদ্রোহ হয়। দ্বিতীয়পর্বে রানী

শিরোমণির নেতৃত্বে চুয়াড় বিদ্রোহ হয়।

পাইক দের জমি হারানো , নিষ্ঠুরভাবে জমি কেড়ে নেওয়া , চিরাচরিত সমাজ ব্যবস্থার পরিবর্তন, দুর্ভিক্ষ এই বিদ্রোহের প্রধান কারণ।

এই বিদ্রোহ ব্যর্থ হলেও তাদের আত্মপ্রত্যয় , অধিকার রক্ষার সংগ্রাম পরবর্তী কালে অনেক আন্দোলনের অনুপ্রেরণা যোগায়।

2. কোল বিদ্রোহ কেন হয়েছিল ?

সিংভূম , মালভূমি , ছোট্টা নাগপুর , ওরাও প্রভৃতি সম্প্রদায় কোল সম্প্রদায় নামে পরিচিত ছিল ।

তারা সাধারণত চাষবাস করতো এবং নিজেদের মধ্যে উৎপাদিত ফসল ভাগ করে জীবন যাপন করত। আর নির্ভরশীল ছিল অরণ্য সম্পদের উপর।

কিন্তু ইংরেজ সরকার চড়া হারে রাজস্ব ধার্য করলো কোলদের উপর , তাদের প্রচলিত বিচার ব্যবস্থার পরিবর্তন ঘটাল , সামাজিক ব্যবস্থায় অযথা হস্তক্ষেপ করতে শুরু করল। অরণ্য সম্পদ এর অধিকারের নানা বাধানিষেধ আরোপ করল।

এইসব শোষণ ও বঞ্চনার বিরুদ্ধে 1831 খ্রিস্টাব্দে কোল বিদ্রোহের সূত্রপাত হয়।

## ইতিহাস, দশম শ্রেণি, তৃতীয় অধ্যায়

১। তারিকা-ই-মহম্মদীয়া কোন্ আন্দোলনকে বলা হয় এবং কেন?

উত্তর- আরবে ওয়াহাবি আন্দোলনকে তারিকা ই মহম্মদীয়া বলা হয় । কারন আরবে যখন এই আন্দোলন প্রচলিত হয় তখন এর নাম ছিল তারিকা ই মহম্মদ ।এর অর্থ হল মহম্মদ প্রদর্শিত পথ।ইসলাম ধর্মের নানা কুসংস্কার ও অনাচার দূর করার জন্য এই আন্দোলন শুরু হয়েছিল। আব্দুল ওয়াহাব এই আন্দোলন শুরু করেছিলেন। পরবর্তী কালে এই আন্দোলন ওয়াহাবি আন্দোলন নামে পরিচিতি লাভ করে। অষ্টাদশ শতকে এই আন্দোলন শুরু হয়েছিল। ইসলাম ধর্মকে নতুনভাবে গড়ে তোলার আন্দোলন হল "তারিকা -ই- মহম্মদীয়া" ।

২। পাবনা কৃষক বিদ্রোহ কেন হয়েছিল?

উত্তর- নীল বিদ্রোহের পর বাংলায় আরেক একটি গুরুত্বপূর্ণ কৃষক বিদ্রোহ হল পাবনা কৃষক বিদ্রোহ। ১৮৭০ খ্রিস্টাব্দে পাবনার কৃষকেরা বিদ্রোহ করেছিল। এই বিদ্রোহের প্রধান কারন ছিল জমিদার কর্তৃক কৃষকদের উপর অতিরিক্ত রাজস্ব বৃদ্ধি। এছাড়া কৃষকদের জমি থেকে উচ্ছেদ করা। কৃষকদের মিথ্যা মামলায় জড়িয়ে হয়রানি করা ইত্যাদি। এর প্রতিকার এর জন্য কৃষকেরা সঙ্গবদ্ধভাবে বিদ্রোহ করেছিল। বিদ্রোহে নেতৃত্ব দিয়েছিলেন ঈশানচন্দ্র, ক্ষুদিমোল্লা, শম্ভুনাথ পাল প্রমুখ ।